



## বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

Website: [www.bteb.gov.bd](http://www.bteb.gov.bd)

স্মারক নং-বাকাশিবো/ক/২০১৬/ ৯০

তারিখঃ ১২-০৭-২০১৬ খ্রিঃ

### ভর্তির সংক্রান্ত বিজ্ঞপ্তি

বেসরকারি পর্যায়ে ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল, মেডিক্যাল, কৃষি, মৎস্য (সকল বেসরকারী ডিপ্লোমা) এবং সরকারি ডিপ্লোমা এগ্রিকালচার, ফিসারিজ, ফরেস্ট্রি, লাইভস্টক এর ১ম পর্যায়ের ভর্তির সুযোগ প্রাপ্তদের ০৩-০৭-২০১৬ খ্রিঃ থেকে ২০-০৭-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে এসএমএস এর মাধ্যমে ২৩৫ টাকা নিশ্চায়ন ফি (রেজিস্ট্রেশন ফি) এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি ফি ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তির আবেদনের সময়সীমা ২য় মেয়াদে ০২-০৭-২০১৬ তারিখ থেকে ২৩-০৭-২০১৬ তারিখ পর্যন্ত বর্ধিত হয়ে আবেদনের প্রক্রিয়া চলমান রয়েছে। ২য় পর্যায়ের মেধাতালিকা প্রকাশ করা হবে ২৪-০৭-২০১৬ খ্রিঃ তারিখে। ভর্তির জন্য [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) তে অনলাইনে আবেদন করতে হবে।

দুই বছর মেয়াদি এইচএসসি (ভোকেশনাল), এইচএসসি (বিএম) এবং ডিপ্লোমা ইন কমার্স এর অনলাইনে ৩য় পর্যায়ে ভর্তির আবেদনের সময়সীমা ১৪-০৭-২০১৬ খ্রিঃ থেকে ৩০-০৭-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হলো। ফলাফল প্রকাশ করা হবে ৩১-০৭-২০১৬ খ্রিঃ তারিখে। ২য় পর্যায়ের ভর্তির সুযোগ প্রাপ্তদের ১৪-০৭-২০১৬ খ্রিঃ থেকে ২৫-০৭-২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে এসএমএস এর মাধ্যমে ১৯২ টাকা নিশ্চায়ন ফি (রেজিস্ট্রেশন ফি) এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে ভর্তি ফি ও প্রয়োজনীয় কাগজপত্র জমা দিয়ে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। ভর্তির জন্য [www.btebadmission.gov.bd](http://www.btebadmission.gov.bd) তে আবেদন করতে হবে।

পরিচালক (কারিকুলাম)  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, ঢাকা-১২০৭